

গপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।  
(স্থানীয় সরকার শাখা)  
gopalganj.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০১১.২০.০০৫.১৭- ৫৪২

তারিখ : ০৮ অক্টোবর ১৪২৪  
২২ নভেম্বর ২০১৭

দরপত্র বিজ্ঞপ্তি :

২০১৭-২০১৮ অর্থ বছরে গোপালগঞ্জ জেলার ৬৮ টি ইউনিয়নের ৬৮০জন গ্রাম পুলিশের পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে পিপিআর-২০০৮ অনুসারে নিম্নলিখিত শর্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০১	দরপত্র আহ্বানকারী	জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০২	দরপত্র আহ্বানের পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
০৩	অর্থায়ন	জিওবি
০৪	কাজের নাম	২০১৭-২০১৮ অর্থ বৎসরে গোপালগঞ্জ জেলার দফাদার ও মহল্লাদারদের ০২ সেট জামা, ০২ সেট প্যান্ট, ০২টি বেস্ত, মাথার ক্যাপ (মনোক্রামসহ), উলের জামা (শীতের), উন্নমানের চামড়ার জুতা (মোজাসহ), রেইনকোট ও সাইড ব্যাগ।
০৫	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান, সর্বশেষ তারিখ ও সময়	কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এর কার্যালয় এবং জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে আগামী ১৭/১২/২০১৭ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
০৬	দরপত্র গ্রহণের তারিখ, সময় ও স্থান	কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এর কার্যালয় এবং জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাস্তবে ১৮/১২/২০১৭ খ্রি: তারিখ সকাল ১২.০০ টা পর্যন্ত।
০৭	দরপত্র খোলার তারিখ, স্থান ও সময়	উপপরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ এর অফিস কক্ষে ২১/১২/২০১৭ খ্রি: তারিখ বিকাল ৩.০০ টা।
০৮	কাজের বিবরণ	সিডিউলে উল্লিখিত।
০৯	সিডিউলের মূল্য ও জামানত	সিডিউলের মূল্য ২,০০০/-টাকা (অফেরতযোগ্য) এবং জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (ফেরতযোগ্য)।

দরপত্রের শর্তাবলি :

- ১। নগদ ২০০০/- ( দুই হাজার ) টাকার ( অফেরতযোগ্য ) বিনিময়ে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।
- ২। দরপত্রের সাথে ১,০০,০০০/- ( এক লক্ষ ) টাকা মাত্র ( ফেরতযোগ্য ) জামানত/ আর্নেস্টম্যানি যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর অনুকূলে অবশ্যই দাখিল করতে হবে। কৃতকার্য দরদাতার জামানতের টাকা কার্যাদেশে বর্ণিত পোশাক পরিচ্ছদ/সরঞ্জামাদি সরবরাহের ৩০ দিন পর ফেরতযোগ্য। অকৃতকার্য দর দাতাদের আর্নেস্টম্যানি ফেরতযোগ্য।
- ৩। কার্যাদেশ প্রদানের ৩০ দিনের মধ্যে কার্যাদেশে বর্ণিত সমুদয় পোশাক /সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। বর্ণিত সময়ের মধ্যে সরবরাহ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলপূর্বক জামানত বাবদ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা যাবে।
- ৪। কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত নমুনা অনুযায়ী পোশাক/সরঞ্জামাদি কৃতকার্য দরদাতা সরবরাহ করতে বাধ্য থাকবে। সংরক্ষিত নমুনা বহির্ভূত কোন পোশাক সরঞ্জামাদি গ্রহণ করা হবে না।
- ৫। দরপত্র দাখিলের সময় প্রত্যেক প্রকারের সরঞ্জামাদির নমুনা দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ৬। সরবরাহযোগ্য পোশাকের শারীরিক মাপ উপজেলা পর্যায় থেকে কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারকে সংগ্রহ করতে হবে।

পাতা-২-

- ৭। কার্যাদেশে বর্ণিত পোশাক/সরঞ্জামাদি সরবরাহ করার পর দরপত্র কমিটি কর্তৃক বর্ণিত পোশাক/ সরঞ্জামাদির গুণগতমান যাচাইঅন্তে সঠিক পাওয়া গেলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে পোশাক/সরঞ্জামাদি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে সরবরাহ করতে হবে। নমুনা ও সাইজ বহির্ভূত কোন পোশাক/সরঞ্জামাদি গ্রহণ করা হবেনা। শার্টের কলার, সোল্ডার ও পকেটের ঢাকনায় বক্রম দিতে হবে। প্যান্ট-শার্ট মানসম্মত ফিটিং হতে হবে এবং সরঞ্জামাদির মানও নমুনা অনুযায়ী হতে হবে।
- ৮। সরবরাহকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে কোন অগ্রিম বিল প্রদান করা হবে না।
- ৯। কর্তৃপক্ষ বরাদ্দের সাথে সামঞ্জস্য রেখে যে কোন আইটেম বাদ দেয়ার এবং প্রয়োজনে পোশাক/সরঞ্জামাদির যে কোন আইটেম যে কোন সংখ্যায় গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে ঠিকাদার, কর্তৃপক্ষের চাহিদামতে পোশাক /সরঞ্জামাদি সরবরাহ করতে বাধ্য থাকবেন।
- ১০। যে কোন যৌক্তিক কারণ দেখিয়ে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবেন।
- ১১। দরদাতাকে ভ্যাট রেজিস্ট্রেশন, টিআইএন সনদপত্র, হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, ট্রেড লাইসেন্স, আর্থিক স্বচ্ছলতার ব্যাংক সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ১২। কার্য সম্পাদনের পর প্রাপ্ত বিলের অর্থ বিধি মোতাবেক ভ্যাট, আয়কর কর্তন সাপেক্ষে প্রদান করা হবে।



২২/১১/১৭  
(মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার)

জেলা প্রশাসক, গোপালগঞ্জ

ও

আহবায়ক

দফাদার ও মহল্লাদারদের পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ  
সংক্রান্ত টেন্ডার কমিটি।

ফোন-০২-৬৬৮৫৫২১ (অফিস)।

E-mail: dcgopalganj@mopa.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০১১.২০.০৫.১৭- ৫৪২

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৪  
২২ নভেম্বর ২০১৭

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার  
গোপালগঞ্জ সদর/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া।
- ৪। চেয়ারম্যান, ----- ইউপি, গোপালগঞ্জ সদর/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া।



২২/১১/১৭  
জেলা প্রশাসক, গোপালগঞ্জ

ও

আহবায়ক

দফাদার ও মহল্লাদারদের পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ  
সংক্রান্ত টেন্ডার কমিটি।